

বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়ায় পালিত জাতীয় ভোটার দিবস

বাংলা নিউজ এজেন্সি: বৃহস্পতি
দক্ষিণবঙ্গের তিন জেলা বীরভূম,
মুর্শিদাবাদ ও নদীয়ায় সাড়স্বরে পালিত
হল জাতীয় ভোটার দিবস। এ উপলক্ষে
মুর্শিদাবাদ জেলায় ট্যাবলো বের করল
প্রশাসনা। জেলার সদর শহর
বহরমপুরের বিভিন্ন প্রান্ত পরিক্রমা
করে সুসজ্জিত ওই ট্যাবলো। পাশাপাশি
বসে আঁকো প্রতিযোগিতা সহ নানা
অনুষ্ঠান হয়। চেন স্লোগ দিয়ে সাজিয়ে
তোলা হয় জেলার প্রশাসনিক ভবন
চত্বর। মুর্শিদাবাদ জেলা প্রশাসনের এক
কর্তা বলেন, শুধু বহরমপুর শহর নয়,
জেলার প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্র, ব্লক ও
মহকুমায় জাতীয় ভোটার দিবস পালিত
হয়েছে। এই অনুষ্ঠান আমজনতার মধ্যে
সাড়াও ফেলেছে।

নদীয়াতেও জাতীয় ভোটার দিবস
পালিত হয়। এই উপলক্ষে কৃষ্ণনগরের
রবীন্দ্রভবনে একটি অনুষ্ঠান হয়।
সেখানে কয়েকজন নতুন ভোটারের
হাতে ভোটার কার্ড তুলে দেওয়া হয়।
উপস্থিত ছিলেন জেলাশাসক সুমিত
গুপ্তা, অতিরিক্ত জেলাশাসক (সাধারণ)
প্রিয়াংকা সিংলা, সদর মহকুমা শাসক
নৈত্রেরী গঙ্গোপাধ্যায় সহ অন্যান্য

প্রশাসনিক কর্তারা। ওই অনুষ্ঠানেই
বাউল গান পরিবেশন করেন একাধিক
বাউল শিল্পী।

বীরভূমে নির্বাচন কমিশনের পক্ষ
থেকে ময়ুরেশ্বর-১ ব্লকের মল্লারপুরে
ধরণী দেবেন হাই স্কুলে পালন করা হল
জাতীয় ভোটার দিবস।

সেখানে ব্লক প্রশাসনের পাশাপাশি
উপস্থিত ছিলেন বিভিন্ন পঞ্চায়েত
এলাকার নতুন ভোটাররা। ছিলেন
বিভিন্ন রাজনৈতিক দলের নেতারাও।
এদিন নতুন ভোটারদের হাতে সচিত্র
পরিচয়পত্র তুলে দেওয়ার পাশাপাশি
ভোটার প্রতি তাদের মধ্যে আগ্রহ সৃষ্টির
জন্য বক্তব্য রাখেন নির্বাচনী
আধিকারিকরা।

অন্যদিকে নলহাটি-১এর বিডিও
কিংসুক রায়ের উদ্যোগে এলাকার
নতুন ভোটারদের নিয়ে দিনটি পালন
করা হয়। ব্লকের কনফারেন্স রুমে প্রদীপ
জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন
বিডিও।

এছাড়া নির্বাচন কমিশনের পক্ষ
থেকে রামপুরহাট মহকুমার প্রতিটি
ব্লকেই নতুন ভোটারদের নিয়ে জাতীয়
ভোটার দিবস পালন করা হয়।

সংস্থালোচনা উন্নয়ন ও বিক্রয় নিগামের

Bartaman, 26.01.17, Burdwan

বীরভূম 26 জে জানুয়ারী 2019

